

বিজ্ঞপ্তি

ভারতের ITEC বৃত্তির আওতায় নিম্নবর্ণিত প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য সরকারি কর্মকর্তাগণের নিকট হতে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে আবেদন আহ্বান করা যাচ্ছে :

ক্রমিক নম্বর	কোর্সের নাম, মেয়াদ ও আয়োজনকারী প্রতিষ্ঠানের নাম	সুযোগ সংখ্যা
১	২	৩
1.	Database Management And Web Programming 09-10-2017 to 01-12-2017 CENTRE FOR EXCELLENCE IN TELECOM TECHNOLOGY AND MANAGEMENT	০১
2.	Data Communication And IP Technologies 29-01-2018 to 23-03-2018 CENTRE FOR EXCELLENCE IN TELECOM TECHNOLOGY AND MANAGEMENT	০২
3.	Certificate Course In Voice & Accent And MS-office Skills 25-09-2017 to 17-11-2017 NIIT LTD	০১
4.	Certificate Course On General Management Skills 22-01-2018 to 03-03-2018 INTERNATIONAL MANAGEMENT INSTITUTE	০১
5.	Sustainable Livelihoods And Mainstreaming With Market 05-02-2018 to 16-03-2018 ENTREPRENEURSHIP DEVELOPMENT INSTITUTE OF INDIA	০১
6.	Good Governance For Management of Rural Development Programmes 29-11-2017 to 26-12-2017 NATIONAL INSTITUTE OF RURAL DEVELOPMENT	০২
7.	Innovative Leadership For Organization Growth And Excellence (ILOGE) 29-01-2018 to 23-03-2018 NATIONAL INSTITUTE OF ENTREPRENEURSHIP AND SMALL BUSINESS DEVELOPMENT	০১
8.	Certificate Course In Voice & Accent And MS-office Skills 29-01-2018 to 23-03-2018 NIIT LTD	০১
9.	General Management Programme For Senior Executives Course - Session 130 08-01-2018 to 02-02-2018 ADMINISTRATIVE STAFF COLLEGE OF INDIA	০২
10.	High Impact Leadership/managerial Skill Development Program -II 15-01-2018 to 09-02-2018 ADMINISTRATIVE STAFF COLLEGE OF INDIA	০২
11.	15 Month Executive Post Graduate Diploma In Management 30-03-2018 to 29-03-2019 INTERNATIONAL MANAGEMENT INSTITUTE	০২


শর্তসমূহ:

- আবেদনকারীর বয়স ৪৫ এর মধ্যে এবং চাকরিকাল ৫ বছর পূর্ণ হতে হবে;
- আবেদনকারীকে স্ব-স্ব নিয়ন্ত্রণকারী কর্মকর্তার অনুমতিক্রমে আবেদন করতে হবে;
- কোর্সের সঙ্গে প্রার্থীর কাজের সম্পৃক্ততা অবশ্যই থাকতে হবে;
- প্রার্থীকে ইংরেজিতে অবশ্যই পারদর্শী এবং শারীরিক উপযুক্ততা থাকতে হবে;
- একই প্রার্থী একাধিক কোর্সে আবেদন করতে পারবেন না;
- আবেদনকারীকে সংযুক্ত ফরম (বাংলা) পূরণ করে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের অনুমতির স্মারক হিসেবে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে আবেদনপত্রের সাথে প্রেরণ করতে হবে;

- কোর্স শুরুর তিন মাস পূর্বে অনলাইনে আবেদন করতে হবে। পর্যাপ্ত সময় না থাকলে অনলাইনে আবেদন করার সুযোগ সাপেক্ষে এর কম সময়েও আবেদন করা যাবে। তবে সেক্ষেত্রে কোর্স শুরুর কমপক্ষে ১৫ দিন পূর্বে আবেদনপত্র জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।
- ইতঃপূর্বে যারা ITEC, Colombo Plan এবং Train the Trainer বা Mid-Career Training অথবা ভারত সরকারের অর্থায়নে কোন কোর্সে অংশগ্রহণ করেছেন তাঁদের আবেদন করার প্রয়োজন নেই;
- জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৯/৮/৯২খিঃ তারিখের স্মারক নং-সম (বিঃপ্রঃ)-৮০/৯২-৫১৮(৫০০) নং আদেশ এবং ১২ মে ২০০৩ তারিখে প্রকাশিত গেজেটে (জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিদেশ প্রশিক্ষণ গবেষণা শাখা) জনপ্রশাসন প্রশিক্ষণ নীতিমালা ও বিদেশ প্রশিক্ষণ কর্মকর্তা মনোনয়ন বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের ১৯ জুন, ২০১১ খ্রি. তারিখের ০৩.০৬৯.০২৫.০৬. ০০.০০৩.২০১১-১৪৪ (৫০০) সংখ্যক পত্রের মর্মানুসারে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে;
- আগ্রহী ও যোগ্য কর্মকর্তাবৃন্দকে <https://itecgoi.in/meaportal/register> Applicant ওয়েব সাইটের মাধ্যমে নির্ধারিত ফরমে অনলাইনে আবেদন করতে হবে;
- আবেদনকারীকে অনলাইনে করা আবেদনের আইডি নম্বারসহ ৪ সেট পূরণকৃত আবেদন ফরম, চিকিৎসা ফরমের হার্ডকপি, জাতীয় পরিচয়পত্রের কপি ও মেশিন রিডেবল অফিসিয়াল বৈধ পাসপোর্টের (কোর্স শুরুর তারিখ হতে ৬ মাস মেয়াদসম্পন্ন) কপিসহ ৪ সেট আবেদনপত্র এবং নিয়ন্ত্রণকারী কর্মকর্তার সুপারিশসহ চাহিত তথ্যাবলী (সংযুক্ত বাংলা ফরমে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে (জনপ্রশাসন মন্ত্রণালয়ের ভবন নং-২, কক্ষ নং-১০৯, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) প্রেরণ করতে হবে;
- বর্ণিত কোর্সে আবেদন ভারতীয় বৃত্তির নিশ্চয়তা প্রদান করে না, প্রার্থী বাছাইয়ের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় ও ভারতীয় কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত;
- অসম্পূর্ণ বা বিলম্বে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি প্রকাশ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।


৬. আবদুল হামিদ
যুগ্মসচিব
ফোন : ৯৫৭৪৪২৬
sasft.mopa@gmail.com

বিতরণ- সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :

- ১। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরেবাংলানগর, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (সিপিটি/প্রশাসন), জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ৩। সিনিয়র সিস্টেমস এনালিস্ট, পিএসসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (জরুরি ভিত্তিতে ওয়েব সাইটে প্রদর্শনের অনুরোধসহ)।
- ৪। সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

আবেদনকারী কর্মকর্তার তথ্যাবলী:

১.	নাম :	
২.	পরিচিতি নং (যদি থাকে) :	
৩.	পদবি ও বর্তমান কর্মস্থল :	
৪.	ক্যাডার সার্ভিসের নাম (যদি থাকে) :	
৫.	আবেদনের বিষয় (কোর্সের নাম):	
৬.	জন্ম তারিখ : ও বয়স :	
৭.	চাকরিকাল :	
৮.	সর্বশেষ শিক্ষাগত যোগ্যতা :	
৯.	ইতঃপূর্বে বিদেশ প্রশিক্ষণ/উচ্চশিক্ষা গ্রহণ করলে তার বিবরণ :	
১০.	মোবাইল নম্বর : ও ই-মেইল এড্রেস :	
১১.	অফিসিয়াল মেশিনল রিডেবল পাসপোর্ট নম্বর : ও মেয়াদ :	

সুপারিশ করা হলো

আবেদনকারী স্বাক্ষর ও সীল

নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের স্বাক্ষর ও সীল